



স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১০২.২২/ ২৬৭

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯
০৩ অক্টোবর ২০২২

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২২ এর আওতায় Online Software ব্যবহার করে তথ্য প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের গুরুত্ব অপরিসীম। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছর দেশের সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান থেকে Online Software ব্যবহারের মাধ্যমে ব্যানবেইস প্রয়োজনীয় তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করে। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত না হলে সঠিক সময়ে Bangladesh Education Statistics 2021 প্রকাশসহ অন্যান্য প্রতিবেদন প্রস্তুত করতে বিলম্ব হয় এবং মন্ত্রণালয়সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় সময়মত তথ্য প্রদান করা যায় না, যা মোটেও কাম্য নয়।


২। তথ্য সংগ্রহ সংক্রান্ত বিষয়ে একটি নির্দেশিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো। আপনার প্রতিষ্ঠানে Online সুবিধা না থাকলে নিকটস্থ বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবনে অবস্থিত উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) এর সাইবার সেন্টার থেকে তথ্য প্রেরণ করতে পারবেন।

৩। বর্ণিতাবস্থায় সংশ্লিষ্ট উপজেলা/থানার জন্য নির্ধারিত তারিখের মধ্যে প্রতিষ্ঠানের যাবতীয় তথ্য Online Software ব্যবহার করে ব্যানবেইস এর সার্ভারে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

শিক্ষা অঞ্চল	তথ্য সংগ্রহের মেয়াদ
ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা	১৬ - ২০ অক্টোবর ২০২২
খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা	২১ - ২৫ অক্টোবর ২০২২
গ) রাজশাহী, রংপুর ও বরিশাল শিক্ষা অঞ্চলের ২২ টি জেলা	২৬ - ৩০ অক্টোবর ২০২২

বিষয়টি অতীব জরুরী

সংযুক্ত: Online জরিপ ফরম পূরণের নির্দেশিকা।


(হাবিবুর রহমান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: +৮৮-০২-৪১০৬০৭০৭

E-mail: dg@banbeis.gov.bd

১। অধ্যক্ষ,

২। প্রধান শিক্ষক,

৩। সুপারিনটেনডেন্ট,

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
- ৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
- ৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
- ৮। জেলা শিক্ষা অফিসার
- ৯। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.....
- ১০। অফিস নথি।